23	workshop on "Prevention of Money Laundering" & "Combating Terrorist Financing"	40	November 15, 2014
24	Foundation Training Course on "Banking"	32	November 11-20, 2014
25	"Compliance to FATCA of United States"	39	December 06, 2014
26	"Prevention of Money Laundering" & "Combating Terrorist Financing"	39	December 06, 2014
27	"CIB Online Reporting"	93	December 06, 2014
28	"Compliance to FATCA of United States"	11	December 10, 2014
29	"Compliance to FATCA of United States"	70	December 13, 2014
30	"Compliance to FATCA of United States"	45	December 20, 2014

Dividend

The Board of Directors of the Bank has recommended cash dividend @ 10.00% i.e. Tk.1.00 for each share for the year 2014. Over the last years, Board of Directors declared dividends out of profit to shareholders at good rates. The rates of dividend declared by Bank since 2010 are shown below:

Year	Dividend (%)
2014	10 (Cash)
2013	10 (Stock)
2012	20 (Stock)
2011	25 (Stock)
2010	30 (Stock)

SJIBL automation

Competition in the financial services sector has become intense, as bank compete with each other in providing better services and superior banking products to their customers. Faced with the challenges of threatened profit margins, higher customer expectations and competition, banks are driven towards distinguishing their services from that of their competitors. To meet the challenging market and customer needs, we need to strike a balance between customer service and management of business risks.

For Shahjalal Islami Bank Ltd., the key to success in such a demanding market situation is to be equipped with a proven and versatile IT solution, which has the capability of designing new products and services, coupled with the ability to access and manage information on a continuous real time basis. In view of the above, Shahjalal Islami Bank has implemented real time 24/7 Core Banking Solution called BankUltimus an Integrated Shariah Banking Solution.

In line with the Core Banking Solution, Shahjalal Islami Bank Ltd. has successfully implemented Bangladesh Automated Cheque Processing System (BACPS) as well as Bangladesh Electronic Fund Transfer Network (BEFTN) as per Bangladesh Bank Guideline. For betterment of Customers' services, Bank has expressed and deployed different channels like ATM, POS, Debit Cards, e-GP and WASA, DPDC, DESCO bill collection etc. services. As well as HRM, Leave Management, ACR, Payroll, goAML etc have been developed and successfully implemented for the bank. To make the Banking operation faster, easier, more efficient and even more effective to serve its valued

লভ্যাংশ

ব্যাংকের পরিচালনা পর্ষদ ২০১৪ সালের জন্য শেয়ারহোল্ডারদেরকে ১০.০০ শতাংশ হারে নগদ লভ্যাংশ অর্থাৎ প্রতিটি শেয়ারের বিপরীতে ১.০০ টাকা নগদ লভ্যাংশ প্রদান করার সুপারিশ করেছে। বিগত বছরগুলোতে পরিচালনা পর্ষদ শেয়ারহোল্ডারদের জন্য মুনাফা হতে ভালো হারে লভ্যাংশ ঘোষণা করেছে। ২০১০ সাল হতে লভ্যাংশ ঘোষণার হার নিম্নরূপ :

এসজেআইবিএল অটোমেশন

গ্রাহকদের আন্তরিক এবং সর্বোৎকৃষ্ট সেবা প্রদানের লক্ষ্যে ব্যাংকগুলো পরস্পরের মধ্যে প্রতিযোগিতা শুরু করেছে আর এই প্রতিযোগিতা আর্থিক সেবাদানকারী প্রতিষ্ঠানগুলোর মধ্যে আরো তীব্র হয়ে উঠেছে। আর্থিক সেবা প্রদানকারী প্রতিষ্ঠানগুলো মুনাফা অর্জনের পাশাপাশি তাদের সম্মানিত গ্রাহকদের সর্বোচ্চ প্রত্যাশা পূরণের লক্ষ্যে স্বকীয়তা প্রমাণের প্রতিদ্বন্দ্বিতায় নিজেরাই পরস্পরের সাথে প্রতিযোগিতা করে আসছে। এমতাবস্থায়, প্রতিদ্বন্দ্বিতাপূর্ণ বাজারে গ্রাহকদের চাহিদা এবং ব্যবসায়িক ঝুঁকি পর্যালোচনা করে ব্যাংক ব্যবস্থাপনাকে সঠিক সিদ্ধান্তের মাধ্যমে সমন্বয়ের চ্যালেঞ্জ গ্রহণ করতে হয়।

এমন প্রতিযোগিতাপূর্ণ বাজারে শাহজালাল ইসলামী ব্যাংকের জন্য সাফল্যের চাবিকাঠি হল একটি পরীক্ষিত এবং বহুমুখী তথ্যপ্রযুক্তি ব্যবস্থায় সজ্জিত হওয়া, যা শুধু নতুন আর্থিক পণ্য ও সেবা প্রদান করাই নয়, উপরন্তু নিরবচ্ছিন্নভাবে তথ্যের আদান প্রদান এবং ব্যবস্থাপনা নিশ্চিত করার সামর্থ্য রাখে। এ জন্যই শাহজালাল ইসলামী ব্যাংক “ব্যাংক আল্টিমাস” নামে একটি বাস্তবসম্মত অনলাইন এবং শরীয়াহ মতাদর্শ ভিত্তিক কেন্দ্রীয় ব্যাংকিং সেবা প্রতিষ্ঠা করেছে।

কোর ব্যাংকিং সেবার সাথে সমন্বয় রেখে এবং বাংলাদেশ ব্যাংকের বিধিমালা অনুসরণ করে শাহজালাল ইসলামী ব্যাংক লিঃ সফলতার সাথে “বাংলাদেশ অটোমেটেড চেক প্রসেসিং সিস্টেম (বিএসপিএস)” এবং “বাংলাদেশ ইলেক্ট্রনিক ফান্ড ট্রান্সফার নেটওয়ার্ক (বিইএফটএন)” পদ্ধতি বাস্তবায়ন করেছে। উত্তম গ্রাহক সেবা নিশ্চিত করার লক্ষ্যে শাহজালাল ইসলামী ব্যাংক এটিএম, পওস, ডেবিট কার্ডের ই-জিপি এবং পানি, বিদ্যুৎ বিল জমার মত আরো অনেক প্রযুক্তি পণ্যের মাধ্যমে সেবা প্রদান নিশ্চিত করেছে। এছাড়াও মানব সম্পদ ব্যবস্থাপনা, কর্মী ছুটি ব্যবস্থাপনা, বার্ষিক কর্মী মূল্যায়ন, বেতন ব্যবস্থাপনা, গোএএমএল ইত্যাদি সফটওয়্যার ব্যাংক নিজস্ব ব্যবস্থাপনায় উন্নয়ন ও সফলভাবে ব্যবহার করেছে। সম্মানিত গ্রাহকদের আরো উন্নত, সহজ এবং নির্ভরযোগ্য একটি

customers on 24 hours a day, 365 days a year, Bank will provide the Internet and Mobile Banking facilities very soon.

Information and Communication Technology (ICT) encompasses the broad areas of data or information processing, transmission and communications by means of Information Technology and these modern tools are being increasingly used for banking information processing in the International Standard Data Centre. For smooth functioning of our Banking Operation, Bank has established a very strong and secured network system to ensure the consistency, Integrity and availability of Data. For better and quick communication among the employees as well as customers, Bank has established its own mailing corresponding system.

Nowadays, in financial sector, especially in the banking sector security is one of the main concerns to protect from any kind of intrusion for both internal and external threats. In order to meet this objective, we have prepared an IT Security Policy as per Central Bank guideline which is used by the bank to accelerate in terms of information generation, utilization and applications.

SJIBL VISA Card Product

To consider technological development Card is a new dimension in the banking age. SJIBL is providing VISA Electron Debit Card and VISA Pre-paid Card as a member of VISA Worldwide Pte. Ltd. The different Card products of SJIBL are:

SJIBL VISA Electron Debit Card (Local)

- Visa Electron General Primary Card
- Visa Electron General Supplementary
- Visa Electron Priority Card
- Visa Electron School Banking Card
- Visa Electron Money Spinning Card
- Visa Electron Staff Primary Card
- Visa Electron Staff Supplementary Card

VISA Prepaid Card (Local & International)

- VISA Prepaid Card- Local
- VISA Souvenir Card- Gift Card
- VISA Prepaid Card- International

নিরবচ্ছিন্ন তথ্য দিনে ২৪ ঘন্টা ও বছরে ৩৬৫ দিন ব্যাংকিং সেবা প্রদানের লক্ষ্যে ইন্টারনেট ব্যাংকিং এবং মোবাইল ব্যাংকিং-এর সেবা অতি দ্রুত চালু করা হবে।

ব্যাংকের তথ্য উপাত্ত প্রক্রিয়াকরণে যে সমস্ত ডাটা, তথ্য এবং যোগাযোগ প্রযুক্তি ব্যবহৃত হচ্ছে তা আসলে তথ্য যোগাযোগ প্রযুক্তিরই একটি সর্বোৎকৃষ্ট রূপ এবং এর সঠিক ও নির্ভুল প্রক্রিয়াকরণ আন্তর্জাতিক মানসম্পন্ন ডাটা-সেন্টারে হয়ে থাকে। এ ছাড়াও ব্যাংকিং সেবাকে আরো নির্ভরযোগ্য এবং নিরবচ্ছিন্ন আর্থিক সেবা খাতে পরিণত করার লক্ষ্যে আমাদের ব্যাংক শক্তিশালী এবং সুরক্ষিত যোগাযোগ ব্যবস্থা প্রতিষ্ঠিত করেছে, যা তথ্যের সঠিক ও সুষ্ঠু সংরক্ষণ এবং সহজলভ্যতার জন্য অতি প্রয়োজন। গ্রাহক এবং কর্মকর্তাগণের মধ্যে দ্রুত মনোভাব আদান প্রদানের লক্ষ্যে ব্যাংক তার নিজস্ব ইলেক্ট্রনিক মেইল ব্যবস্থা প্রতিষ্ঠিত করেছে।

সম্প্রতি আর্থিক সেবা তথা ব্যাংকিং খাতে বাহ্যিক এবং অভ্যন্তরীণ অনধিকার প্রবেশরোধ প্রযুক্তি এবং তথ্যের নিরাপত্তা একটি অত্যন্ত গুরুত্বপূর্ণ বিষয়। নিরাপত্তার এ বিষয়টিকে সামনে রেখে বাংলাদেশ ব্যাংকের নীতিমালা অনুসরণ করে আমরাও একটি সুরক্ষিত তথ্যপ্রযুক্তি নীতিমালা প্রণয়ন করেছি যা তথ্যের সংরক্ষণ এবং বাস্তবিক ব্যবহারকে সহজতর, সুরক্ষিত এবং সুসংগঠিত করেছে।

এসজেআইবিএল ভিসা কার্ড

উন্নত প্রযুক্তির উৎকর্ষে কার্ড ব্যাংকিং জগতে একটি নতুন দ্বার উন্মোচন করেছে। ভিসা ওয়াল্ড ওয়াইড প্রাইভেট লিমিটেড এর সদস্য হিসাবে আমাদের ব্যাংক ভিসা ইলেক্ট্রন ডেবিট কার্ড এবং ভিসা প্রি-পেইড কার্ড-এর সেবা প্রদান করছে। আমাদের ব্যাংকের কার্ড প্রোডাক্টগুলো নিম্নরূপঃ

এসজেআইবিএল ভিসা ইলেক্ট্রন ডেবিট কার্ড (স্থানীয়)

- ভিসা ইলেক্ট্রন জেনারেল প্রাইমারী কার্ড
- ভিসা ইলেক্ট্রন জেনারেল সাপ্লিমেন্টারী কার্ড
- ভিসা ইলেক্ট্রন প্রায়রিটি কার্ড
- ভিসা ইলেক্ট্রন স্কুল ব্যাংকিং কার্ড
- ভিসা ইলেক্ট্রন মানি স্পিনিং কার্ড
- ভিসা ইলেক্ট্রন স্টাফ প্রাইমারী কার্ড
- ভিসা ইলেক্ট্রন স্টাফ সাপ্লিমেন্টারী কার্ড

ভিসা প্রি-পেইড কার্ড (স্থানীয় ও আন্তর্জাতিক)

- ভিসা প্রি-পেইড কার্ড (স্থানীয়)
- ভিসা স্যুভেনির গিফট কার্ড
- ভিসা প্রি-পেইড কার্ড আন্তর্জাতিক

Automated Teller Machine (ATM)

Providing 24/7 cash withdrawal facilities for our valued clients SJIBL has established 40 ATMs at different important locations of the country and is serving as a member of Visa International as well as local Q-Cash Network. Recently SJIBL has joined National Payment Switch Bangladesh (NPSB) which is incorporate by Bangladesh Bank. Through this shared network of around 4,000 ATMs covering all major cities in Bangladesh to support the Alternative Delivery Channels for our customers.

SJIBL is committed to establish more ATMs for smooth and convenient services of our cardholders.

Point of Sales (POS)

Our valued VISA cardholders can make POS transaction at any VISA labeled POS Terminals at home and abroad (for International Card only) as well as any Q-Cash POS Terminals at home.

We are open for 365 days to provide support to our valued cardholders.

Credit Rating

Credit Rating Agency of Bangladesh Limited (CRAB) has made a rating on Shahjalal Islami Bank Limited. In their report on 30 April 2015, they rated the Bank as AA3 for long term and ST-2 for short term. CRAB performed the rating surveillance based on audited financial statement up to 31st December 2014 and other relevant information. The long-term rating is valid for only one year and short-term rating is for six months.

SJIBL Foundation

Corporate social responsibility (CSR) is a form of corporate self-regulation integrated into a business model. CSR policy functions as a built-in, self-regulating mechanism whereby business monitors and ensures its active compliance with the spirit of the law, ethical standards, and international norms. The goal of CSR is to embrace responsibility for the company's actions and encourage a positive impact through its activities on the environment, consumers, employees, communities, stakeholders and all other members of the public sphere. With a view to and also for the welfare of the community, to this perspective, Bank has established "Shahjalal Islami Bank Foundation".

The main objectives of SJIBL foundation are:

- To provide health-care to poor and distressed people.
- To provide education support to meritorious but poor students through scholarship, award.

এটিএম

২৪/৭ টাকা উত্তোলনের সুবিধার্থে দেশের বিভিন্ন গুরুত্বপূর্ণ স্থানে এসজেআইবিএল ৪০ টি এটিএম বুথ স্থাপন করেছে এবং ভিসা ইন্টারন্যাশনাল এর সদস্য হওয়ার সাথে সাথে স্থানীয় কিউ ক্যাশ নেটওয়ার্কের সাথেও যুক্ত রয়েছে। এই সহযোগী নেটওয়ার্কের মাধ্যমে এসজেআইবিএল এর কার্ডধারীরা দেশের বিভিন্ন স্থানে স্থাপিত ৪,০০০ এরও অধিক এটিএম থেকে টাকা উত্তোলনের সুবিধা পেয়ে থাকেন।

আমাদের কার্ড গ্রাহকদের নির্বিঘ্ন ও সুবিধাজনক সেবা দেয়ার জন্য আমরা আরও এটিএম স্থাপনে প্রতিজ্ঞাবদ্ধ।

পওস (পয়েন্ট অফ সেল্‌স)

এসজেআইবিএল এর সম্মানিত ভিসা কার্ডধারীরা দেশে ও বিদেশে (ইন্টারন্যাশনাল কার্ড এ) ভিসা আউটলেট এবং স্থানীয় কিউ ক্যাশ আউটলেটে এই কার্ড ব্যবহার করে কেনাকাটা এবং বিভিন্ন বিল পরিশোধ করতে পারেন।

সম্মানিত কার্ড গ্রাহকদের সেবা প্রদানের লক্ষ্যে ৩৬৫ দিন-ই আমাদের সেবার দ্বার খোলা রয়েছে।

ক্রেডিট রেটিং

ক্রেডিট রেটিং এজেন্সী অব বাংলাদেশ লিমিটেড (ক্র্যাব) শাহজালাল ইসলামী ব্যাংক-এর রেটিং করেছে। ২০১৫ সালের ৩০শে এপ্রিল মাসে তাদের প্রদত্ত রিপোর্টে ব্যাংককে দীর্ঘমেয়াদে এএ৩ এবং স্বল্পমেয়াদে এসটি-২ রেটিং প্রদান করেছে। ক্র্যাব ৩১ শে ডিসেম্বর ২০১৪ সালের ভিত্তিতে এই রেটিং প্রদান করেছে।

এসজেআইবিএল ফাউন্ডেশন

সম্মিলিত সামাজিক দায়বদ্ধতা (সিএসআর) হচ্ছে প্রতিষ্ঠানের ব্যবসায়িক পরিমন্ডলে নিজস্ব দায়বদ্ধতা। সিএসআর নীতিমালা নিজস্ব নিয়ন্ত্রণমূলক ব্যবস্থায় উৎকর্ষ সাধনে কাজ করে, যাতে আন্তর্জাতিক আইন, নৈতিক মানদণ্ড এবং আইনের চেতনার সাথে সামঞ্জস্য রেখে ব্যবসায়িক কার্যক্রম পরিচালনা ও নিয়ন্ত্রণ করে। সিএসআর এর লক্ষ্য হচ্ছে প্রতিষ্ঠানের কার্যক্রমে দায়বদ্ধতা ও তার কার্যাবলীর মাধ্যমে পরিবেশ, ভোক্তা, কর্মী, স্টেকহোল্ডার তথা বৃহত্তর সমাজের সকল স্তরে ইতিবাচক প্রভাব বিস্তারের মধ্যে সমন্বয় সাধন করা। সমাজের সামগ্রিক কল্যাণের জন্যই "শাহজালাল ইসলামী ব্যাংক ফাউন্ডেশন" প্রতিষ্ঠা করা হয়েছে।

এসজেআইবিএল ফাউন্ডেশনের লক্ষ্য ও উদ্দেশ্য :

- দরিদ্র ও বিপর্যস্ত মানুষের স্বাস্থ্যসেবা প্রদান।
- দরিদ্র কিন্তু মেধাবী ছাত্র-ছাত্রীদের বৃত্তি ও পুরস্কারের মাধ্যমে শিক্ষাক্ষেত্রে সহায়তা প্রদান।

- To provide financial assistance to flood, cyclone or disaster affected people.
- To support humanitarian.
- To provide financial assistance to development of culture, sports of the country
- To participate in social and environmental activities.

Corporate Social Responsibility

The foundation have also drawn up programs to look after the education, health & Medicare requirements of the people of rural areas. The Bank has distributed scholarship in the year 2014 to poor but meritorious students with outstanding result in secondary school and higher secondary examinations to facilitate them for pursuing their further studies without hindrance. The program of this education award will continue every year. Besides, during 2014 bank distributed Blanket to cold stricken people throughout the country. This year bank also donated two affected families of BDR tragedy, as part of its commitment.

The Bank is committed to undertake more welfare activities for the society and people of Bangladesh in the days to come. Shahjalal Islami Bank Limited Foundation has a planning to establish the following projects and programs:

- Shahjalal Islami Bank Limited International School & College.
- Shahjalal Islami Bank Limited Hospital

Board Meeting

To conduct the banking business effectively and provide guidelines and policies to the management, 26 nos. meetings of the Board of Directors of Shahjalal Islami Bank Limited were held in the year 2014. Besides, the Executive Committee, Audit Committee and Risk Management Committee of the Bank had conducted 47, 19 and 5 meetings respectively during the year 2014.

Corporate Governance

Corporate governance is the set of processes, customs, policies, laws, and institutions affecting the way a company is directed, administered or controlled. Corporate governance also includes the relationships among the many stakeholders involved and the goals for which the company is governed. In contemporary business company, the main external stakeholder groups are shareholders, debt holders, trade creditors, suppliers,

- বন্যা, ঘূর্ণিঝড় অথবা প্রাকৃতিক দুর্যোগে আক্রান্ত মানুষদের আর্থিক সহায়তা প্রদান।
- সমাজসেবামূলক কাজে সহায়তা প্রদান করা।
- দেশের কৃষ্টি, কালচার ও খেলাধুলায় আর্থিক সহায়তা প্রদান।
- সামাজিক ও পরিবেশগত বিষয়ে অংশগ্রহণ।

সম্মিলিত সামাজিক দায়বদ্ধতামূলক কার্যক্রম

ফাউন্ডেশন ইতোমধ্যে গ্রামীণ এলাকায় জনগণের শিক্ষা, স্বাস্থ্য এবং চিকিৎসা সেবায় কাজ করছে। ব্যাংক মাধ্যমিক ও উচ্চ মাধ্যমিক পরীক্ষায় ভালো ফল অর্জনকারী দরিদ্র মেধাবী শিক্ষার্থীদের বৃত্তি প্রদান করে আসছে, যাতে ভবিষ্যত শিক্ষায় কোন ব্যাঘাত না ঘটে। প্রতিবছর এ বৃত্তি প্রদান অব্যাহত থাকবে। এ ছাড়াও ২০১৪ সালে সারা দেশে শীতাত্ত মানুষের মাঝে বস্ত্র বিতরণ করেছে। পূর্বের ধারাবাহিকতায় ব্যাংক এ বছরও প্রতিশ্রুতি অনুযায়ী বিডিআর ট্রাজেডিতে আক্রান্ত দু'টি পরিবারকে সহায়তা প্রদান করেছে।

ব্যাংক ভবিষ্যতে সমাজ ও জনগণের জন্য অধিকতর কল্যাণমূলক কর্মসূচি গ্রহণ করবে। বর্তমানে এ ফাউন্ডেশন নিম্নোক্ত দু'টি প্রকল্প বাস্তবায়নের জন্য কার্যক্রম চালিয়ে যাচ্ছে :

- শাহজালাল ইসলামী ব্যাংক ইন্টারন্যাশনাল স্কুল এন্ড কলেজ;
- শাহজালাল ইসলামী ব্যাংক হাসপাতাল।

বোর্ড মিটিং

২০১৪ সালে ব্যাংকের কার্যক্রমে সঠিক নীতিমালা প্রয়োগ এবং ব্যবস্থাপনায় উৎকর্ষ আনতে পরিচালনা পর্ষদের ২৬টি সভা অনুষ্ঠিত হয়। এ ছাড়াও ব্যাংকের নির্বাহী কমিটি, অডিট কমিটি এবং ঝুঁকি ব্যবস্থাপনা কমিটি ২০১৪ সালে যথাক্রমে ৪৭টি, ১৯টি এবং ৫টি সভা করেছে।

কর্পোরেট গভর্ন্যান্স

কর্পোরেট গভর্ন্যান্স হচ্ছে কতগুলো প্রক্রিয়ার এমন একটি সমন্বিত রূপ, যাতে প্রথা, নীতি, আইন-কানুন প্রভৃতি অন্তর্ভুক্ত রয়েছে এবং এর মাধ্যমেই প্রতিষ্ঠান নির্দেশিত, পরিচালিত এবং নিয়ন্ত্রিত হয়। বিভিন্ন স্টেকহোল্ডারদের মধ্যে পারস্পরিক সম্পর্ক উন্নয়নও কর্পোরেট গভর্ন্যান্স-এর অন্তর্ভুক্ত একটি বিষয় এবং এ উদ্দেশ্যেই প্রতিষ্ঠান পরিচালিত হয়। ব্যবসা প্রতিষ্ঠানে প্রধানত বহিঃ-স্টেকহোল্ডারদের মধ্যে শেয়ারহোল্ডারবৃন্দ, ঋণপ্রদানকারী, ব্যবসার পাওনাদার, সরবরাহকারী, ক্রেতা এবং যে সমাজে ব্যবসা পরিচালিত হয় সেই

customers and communities affected by the company's activities. Internal stakeholders are the board of directors, executives, and other employees. Corporate Governance should be ensured in the Bank, as it deals with huge public money and interests of the depositors.

Shahjalal Islami Bank is committed to integrity and fair dealing in all its activities and upholds the highest standards of corporate governance. The board has adopted a comprehensive framework of Corporate Governance Guidelines which has been designed to assure the stakeholders that the business of the Bank is built on, and grow from the firmest foundation. The Guidelines and the practices of the Company comply among others with the guidelines issued by the Securities and Exchange Commission (SEC) vide its notification dated 07 August 2012. With a view to ensuring Corporate Governance, responsibilities and authorities among the Board of Directors including its Chairman, the Management including the Managing Director has been demarcated in respect of its overall financial, operational and administrative policy making and executive affairs including overall business activities, internal control, human resources management, etc.

Composition of the Board

The Board comprises of 17 directors including Managing Director & 2 independent directors. It is well structured with a Chairman and two Vice Chairmen. Mr. A.K. Azad is the Chairman and Mr. Mohammed Younus & Mr. Md. Abdul Barek are Vice Chairmen. They encompass a range of talents, skills and expertise to provide prudent guidance with respect to the operations of the company.

Appointment of Board

The members of the Board are appointed each year in the Annual General Meeting (AGM) by the shareholders of the Bank. The members of the Board are appointed in compliance with Central Bank's Guidelines and other applicable rules of the country.

Role of the Board

The Board's main roles are to define the Company's strategic objectives, to provide entrepreneurial leadership for the company, to create value for shareholders, to protect the interests of all Stakeholders including Depositors and to ensure that the necessary financial and other resources are available to enable the company and the Board to meet these objectives. The specific responsibilities of

সমাজ অন্যতম। আন্তঃ-স্টেকহোল্ডারদের মধ্যে পরিচালনা পর্ষদ, নির্বাহীবৃন্দ এবং কর্মীবৃন্দ অন্যতম। যেহেতু ব্যাংক জনগণের টাকা নিয়ে ব্যবসা পরিচালনা করে বিধায় আমানতকারীদের স্বার্থে ব্যাংককে কর্পোরেট গভর্ন্যান্স নিশ্চিত করতে হবে।

শাহজালাল ইসলামী ব্যাংক নিষ্ঠা ও সততার সাথে সব কাজ করা এবং কর্পোরেট গভর্ন্যান্স-এর সর্বোচ্চ মান বজায় রাখার ক্ষেত্রে প্রতিশ্রুতিবদ্ধ। পরিচালনা পর্ষদ কর্পোরেট গভর্ন্যান্স-এর একটি বিশদ কাঠামো গ্রহণ করেছে যাতে স্টেকহোল্ডারদের স্বার্থ এবং ব্যবসায়িক প্রবৃদ্ধি একটি সুদৃঢ় ভিত্তির উপর প্রতিষ্ঠিত হয়। প্রতিষ্ঠানের নীতিমালা ও চর্চা পরিপালনের পাশাপাশি ২০১২ সালের ৭ আগস্ট বাংলাদেশ সিকিউরিটিজ এন্ড একচেঞ্জ কমিশন কর্তৃক ইস্যুকৃত নটিফিকেশনও পরিপালন করে থাকে। কর্পোরেট গভর্ন্যান্স নিশ্চিত করার লক্ষ্যে চেয়ারম্যান সহ পরিচালনা পর্ষদ ও ব্যবস্থাপনা পরিচালকসহ ব্যবস্থাপনা কর্তৃপক্ষের মধ্যে দায়িত্ব ও কর্তব্যকে আলাদা করা হয়েছে, যাতে আর্থিক, প্রশাসনিক ও পরিচালনা পদ্ধতি সহ সকল ক্ষেত্রে নীতি নির্ধারণ করা যায় এবং নির্বাহীদের কার্যকলাপ তথা সার্বিক ব্যবসায়িক কার্যক্রম, অভ্যন্তরীণ নিয়ন্ত্রণ, মানব সম্পদ ব্যবস্থাপনা ইত্যাদি পরিচালিত হয়।

বোর্ডের গঠন

ব্যবস্থাপনা পরিচালক এবং দু'জন স্বতন্ত্র পরিচালকসহ পরিচালনা পর্ষদের সদস্য সংখ্যা ১৭ জন। একজন চেয়ারম্যান ও দু'জন ভাইস-চেয়ারম্যান নিয়ে এটি গঠিত। জনাব এ. কে. আজাদ চেয়ারম্যান এবং অন্য দু'জন ভাইস চেয়ারম্যান হলেন জনাব মোহাম্মদ ইউনুছ ও জনাব মোঃ আবদুল বারেক। তাঁদের রয়েছে মেধা, দক্ষতা ও অভিজ্ঞতা যা প্রতিষ্ঠান পরিচালনায় দূরদর্শী নির্দেশনা প্রদানে সহায়তা করে।

পরিচালনা পর্ষদের সদস্য নিয়োগ

ব্যাংকের শেয়ারহোল্ডার কর্তৃক প্রতি বছর বার্ষিক সাধারণ সভায় বোর্ডের সদস্য নির্বাচিত হন। বোর্ডের সদস্য নিয়োগের ক্ষেত্রে কেন্দ্রীয় ব্যাংক এবং দেশের অন্যান্য প্রযোজ্য নিয়ম-কানুন মেনেই করা হয়।

বোর্ডের ভূমিকা

পরিচালনা পর্ষদের প্রধান ভূমিকা হচ্ছে কোম্পানীর কৌশলগত লক্ষ্য স্থির করা, প্রতিষ্ঠানে উদ্যোক্তাসুলভ নেতৃত্ব প্রদান করা, শেয়ারহোল্ডারদের জন্য মর্যাদা বৃদ্ধি করা, আমানতকারীসহ স্টেকহোল্ডারদের স্বার্থ সংরক্ষণ এবং প্রয়োজনীয় আর্থিক ও অন্যান্য উপকরণ দিয়ে প্রতিষ্ঠানকে সহায়তা করা যাতে প্রতিষ্ঠান স্বীয় উদ্দেশ্যে সফলকাম হয়। পরিচালনা পর্ষদের নির্দিষ্ট দায়িত্ব হচ্ছে

the Board to determine the objective and goals of the Bank, annual business plan of the Bank, key performance indicators for the Managing Director, Human resource development, efficiency of operational activities of the Bank, set internal control procedure, capital plan, comply the regulatory laws & regulations, Corporate governance, financial transparency, CSR activities and appointment of auditor etc.

Periodic Review by Board

The Board of Directors of Shahjalal Islami Bank reviews the following issues on periodical basis:

Monthly Review

- Fund Management
- CRR & SLR requirement & maintenance
- Achievement against Monthly Budget
- Income and Expenditure Management
- Investment-Deposit ratio

Quarterly Review

- Asset Quality and Non-performing assets
- Recovery against classified investment
- Reconciliation with Inter Branch Reconciliation
- Large investment analysis
- Internal Audit Compliance
- Quarterly Financial Statements

Half yearly Review

- CAMELS Rating
- Half yearly Financial Statements
- Half yearly business performance
- Capital Expenditure against capital budget
- Deposit mobilization

Yearly Review

- Annual Business plan
- Foreign Exchange Business position
- CSR activities
- Financial Statements
- Human Resource Development
- Capital Plan
- Branch expansion
- Adoption of new technology

ব্যাংকের লক্ষ্য ও উদ্দেশ্য স্থির করা, বার্ষিক ব্যবসা পরিকল্পনা, ব্যবস্থাপনা পরিচালকের জন্য কাজের পরিধি নির্ধারণ, মানব সম্পদ উন্নয়ন, ব্যাংকের পরিচালনাগত দক্ষতা নির্ধারণ, অভ্যন্তরীণ নিয়ন্ত্রণ ব্যবস্থা নির্ধারণ, মূলধন পরিকল্পনা, রেগুলেটরি কর্তৃপক্ষের আইন-কানুন অনুসরণ করা, কর্পোরেট গভর্ন্যান্স প্রতিষ্ঠা, আর্থিক স্বচ্ছতা, সামাজিক দায়বদ্ধতা প্রতিপালন এবং নিরীক্ষক নিয়োগ ইত্যাদি।

বোর্ড কর্তৃক নির্দিষ্ট সময় অন্তর পর্যালোচনা

শাহজালাল ইসলামী ব্যাংক লিমিটেডের পরিচালনা পর্ষদ কর্তৃক নির্দিষ্ট সময় অন্তর নিম্নলিখিত বিষয়ে পর্যালোচনা করা হয়ে থাকে :

মাসিক ভিত্তিতে পর্যালোচনা

- তহবিল ব্যবস্থাপনা
- সিআরআর ও এসএলআর প্রয়োজনীয়তা এবং সংরক্ষণ
- মাসিক বাজেটের বিপরীতে অর্জন
- আয়-ব্যয় ব্যবস্থাপনা
- বিনিয়োগ-আমানত অনুপাত

ত্রৈমাসিক ভিত্তিতে পর্যালোচনা

- সম্পদের গুণগতমান এবং শ্রেণীকৃত সম্পদ
- শ্রেণীকৃত সম্পদের বিপরীতে আদায়
- আন্তঃশাখা লেনদেনের সমন্বয়
- বড় বড় বিনিয়োগ পর্যালোচনা
- অভ্যন্তরীণ নিয়ন্ত্রণ
- ত্রৈমাসিক আর্থিক প্রতিবেদন

অর্ধবার্ষিক ভিত্তিতে পর্যালোচনা

- ক্যামেলস রেটিং
- অর্ধবার্ষিক আর্থিক প্রতিবেদন
- অর্ধবার্ষিক ব্যবসার ফলাফল
- মূলধন বাজেটের বিপরীতে মূলধনী ব্যয়
- আমানত সংগ্রহ

বার্ষিক ভিত্তিতে পর্যালোচনা

- বার্ষিক ব্যবসায়িক পরিকল্পনা
- বৈদেশিক ব্যবসার অবস্থান
- সামাজিক দায়বদ্ধতা প্রতিবেদন
- আর্থিক প্রতিবেদন
- মানব সম্পদ উন্নয়ন
- মূলধন পরিকল্পনা
- শাখা সম্প্রসারণ
- নতুন প্রযুক্তি গ্রহণ

Role of the Chairman

The Chairman leads the Board in determination of its strategy and achievement of its objectives. The Chairman is responsible for organizing the business of the Board, ensuring its effectiveness and setting its agenda. The Chairman also ensures all key and appropriate issues are discussed by the Board of Directors in a timely and constructive manner. The chairman has no engagement in the day-to-day business of the company. The chairman signs minutes of Board meeting.

Role of the Managing Director

The Managing Director is responsible for running the business and for formulating and implementing Board's strategy and policy. He is responsible for overall control of the company on a day to day basis and is accountable to the Board for the financial and operational performance of the company.

Board Committees

According to Bangladesh Bank guidelines all banks have to form an Executive Committee, an Audit Committee and a Risk Management Committee of the Board to take decisions on urgent matters of the banks. Excepting Executive Committee, Audit Committee and Risk Management Committee, banks cannot form any other Committee or Sub-Committee of the Board.

The Board of Directors of our Bank has formed 3 (three) Committees i) Executive Committee; ii) Audit Committee and iii) Risk Management Committee complying Central Bank's guidelines

Role of Executive Committee

Executive Committee of the Board has been formed with 7 members from the Board. The EC decides upon such functional activities, which are beyond delegated power of the Management. In 2014, 47 meetings of EC were held. The composition of Executive Committee is:

Akkas Uddin Mollah	Chairman
Md. Sanaullah Shahid	Vice Chairman
Sajjatuz Jumma	Member
Engr. Md. Towhidur Rahman	Member
Anwer Hossain Khan	Member
Mohiuddin Ahmed	Member
Mohammed Younus	Member

চেয়ারম্যানের ভূমিকা

প্রতিষ্ঠানের লক্ষ্য ও উদ্দেশ্য অর্জনের জন্য চেয়ারম্যান পরিচালনা পর্ষদকে নেতৃত্ব প্রদান করেন। পর্ষদের কার্যক্রম এবং এজেন্ডা ঠিক করার দায়িত্ব চেয়ারম্যানের। সব গুরুত্বপূর্ণ ও প্রয়োজনীয় বিষয় পরিচালনা পর্ষদে যথাসময়ে এবং সঠিকভাবে আলোচনার দায়িত্ব চেয়ারম্যানের। চেয়ারম্যান ব্যবসায়ের প্রাত্যহিক কার্যক্রমে অংশগ্রহণ করেন না। চেয়ারম্যান পরিচালনা পর্ষদের সভার সিদ্ধান্তসমূহে স্বাক্ষর করেন।

ব্যবস্থাপনা পরিচালকের ভূমিকা

ব্যবস্থাপনা পরিচালক ব্যবসা চলমান রাখা এবং পর্ষদ কর্তৃক প্রদত্ত সিদ্ধান্ত, নির্ধারিত কৌশল এবং নীতিসমূহ বাস্তবায়নের জন্য দায়িত্বপ্রাপ্ত। তিনি ব্যবসায়ের প্রাত্যহিক কার্যাবলীসহ সার্বিক কাজের জন্য দায়বদ্ধ এবং কোম্পানীর আর্থিক ও পরিচালনাগত ফলাফলের জন্য পর্ষদের নিকট জবাবদিহি করেন।

বোর্ড কমিটি

বাংলাদেশ ব্যাংকের নির্দেশনার আলোকে ব্যাংকের জরুরী বিষয়ে সিদ্ধান্ত গ্রহণ করার জন্য সব ব্যাংকেই পরিচালনা পর্ষদের আওতায় নির্বাহী কমিটি, অডিট কমিটি এবং ঝুঁকি ব্যবস্থাপনা কমিটি গঠন করতে হয়। ব্যাংকে পরিচালনা পর্ষদের আওতায় নির্বাহী কমিটি, অডিট কমিটি এবং ঝুঁকি ব্যবস্থাপনা কমিটি ছাড়া অন্য কোন কমিটি বা উপ-কমিটি গঠন করা যাবে না।

কেন্দ্রীয় ব্যাংকের নির্দেশনার আলোকে অত্র ব্যাংকে তিনটি কমিটি গঠন করা হয়েছে : ১) নির্বাহী কমিটি; ২) অডিট কমিটি এবং ৩) ঝুঁকি ব্যবস্থাপনা কমিটি।

নির্বাহী কমিটির ভূমিকা

পরিচালনা পর্ষদের ৭ সদস্য নিয়ে নির্বাহী কমিটি গঠন করা হয়েছে। ব্যবস্থাপনা কর্তৃপক্ষের ক্ষমতার বাইরে ব্যাংকের পরিচালনাগত কার্যাবলী ও অনুমোদনের বিষয়ে নির্বাহী কমিটি সিদ্ধান্ত দিয়ে থাকে। ২০১৪ সালে নির্বাহী কমিটির ৪৭ টি সভা অনুষ্ঠিত হয়েছে। নির্বাহী কমিটি গঠিত হয়েছে নিম্নরূপভাবে :

আক্বাচ উদ্দিন মোল্লা	চেয়ারম্যান
মোঃ সানাউল্লাহ্ সহিদ	ভাইস-চেয়ারম্যান
সাজ্জাতুয় জুম্মা	সদস্য
ইঞ্জিঃ মোঃ তৌহিদুর রহমান	সদস্য
আনোয়ার হোসেন খান	সদস্য
মহিউদ্দিন আহমেদ	সদস্য
মোহাম্মদ ইউনুছ	সদস্য

Role of Board Audit Committee

Audit Committee has been formed with 4 members from the Board. Audit Committee plays its role according to its Charter, approved by the Board of Directors. In 2015, 19 meetings of Audit Committee were held. The Composition of Audit Committee is:

Mosharraf Hossain	Chairman
Abdul Halim	Member
Khandaker Sakib Ahmed	Member
Farida Parvin Nuru	Member

The Audit Committee of the Board plays significant role in proper functioning of the Bank, some of which are as follows:

- Review the financial and other systems including internal control and its reporting procedure;
- Oversee the work of external auditors, internal auditors including matters of disagreement between management and the auditors;
- Require management to implement and maintain adequate/appropriate systems of internal control and discuss with the management to assess the adequacy and effectiveness of those systems;
- Discuss with management major issues concerning accounting principles and disclosures in the financial statements;
- Conduct audit concerning violation, if any, by the management in carrying out operation of the Company;
- Recommend to the Board regarding appointment of the external auditors and their terms of appointment;
- Meet the Management to discuss any matters if deem appropriate.

Report to the Board on the following:

- Activities of the Board Audit Committee
- Conflict of interest
- Suspected or presumed fraud or irregularity or material defect in the internal control system
- Suspected infringement of laws, rules and regulations
- Any other matters which deem necessary

Role of Risk Management Committee:

Risk Management Committee has been formed with 5 (Five) members from the Board. Risk Management Committee plays its role according to its Charter, approved

অডিট কমিটির ভূমিকা

পরিচালনা পর্ষদের ৪ জন সদস্য নিয়ে অডিট কমিটি গঠন করা হয়েছে। পরিচালনা পর্ষদ কর্তৃক অনুমোদিত সীমার মধ্যে থেকে অডিট কমিটি গুরুত্বপূর্ণ ভূমিকা রাখে। ২০১৪ সালে অডিট কমিটির ১৩ টি সভা অনুষ্ঠিত হয়েছে। অডিট কমিটি গঠিত হয়েছে নিম্নরূপভাবে :

মোশাররফ হোসেন	চেয়ারম্যান
আব্দুল হালিম	সদস্য
খন্দকার শাকিব আহমদ	সদস্য
ফরিদা পারভীন নূরু	সদস্য

ব্যাংকের কার্যক্রম সঠিকভাবে সম্পাদনের জন্য অডিট কমিটি গুরুত্বপূর্ণ ভূমিকা রাখে যা নিম্নরূপ :

- আর্থিক এবং অভ্যন্তরীণ নিয়ন্ত্রণ ব্যবস্থা ও তার রিপোর্টিং পদ্ধতিসহ অন্যান্য বিষয়;
- আন্তঃনিরীক্ষা ও বহিঃনিরীক্ষার কার্যক্রমসহ ব্যবস্থাপনা কর্তৃপক্ষের সাথে নিরীক্ষকের অসম্মতি বিষয়ে পর্যবেক্ষণ;
- সঠিক অভ্যন্তরীণ নিয়ন্ত্রণ ব্যবস্থা প্রতিষ্ঠা করা এবং ব্যবস্থাপনা কর্তৃপক্ষের সাথে এর কার্যকারিতা নিয়ে আলোচনা করা;
- হিসাবরক্ষণ নীতি ও আর্থিক প্রতিবেদনে এর ব্যবহার সম্পর্কে ব্যবস্থাপনা কর্তৃপক্ষের সাথে আলোচনা;
- ব্যবস্থাপনা কর্তৃপক্ষ কর্তৃক ব্যবসায় পরিচালনার ক্ষেত্রে কোন প্রকার ত্রুটি অডিট কর্তৃক উদঘাটন;
- বহিঃনিরীক্ষক নিয়োগ এবং তাদের মেয়াদ সম্পর্কে সুপারিশ প্রদান;
- অন্যান্য গুরুত্বপূর্ণ বিষয় ব্যবস্থাপনা কর্তৃপক্ষের সাথে আলোচনা।

নিম্নলিখিত বিষয়ে পরিচালনা পর্ষদে রিপোর্ট প্রদান :

- অডিট কমিটির কার্যক্রম;
- স্বার্থসংশ্লিষ্ট বিষয়ে দ্বিমত;
- অভ্যন্তরীণ নিয়ন্ত্রণ ব্যবস্থায় সন্দেহ বা জালিয়াতি বা বড় ধরনের অনিয়ম;
- আইন-কানুন ভঙ্গ;
- অন্যান্য গুরুত্বপূর্ণ বিষয়।

ঝুঁকি ব্যবস্থাপনা কমিটির ভূমিকা :

পর্ষদের ৫ জন সদস্য নিয়ে ঝুঁকি ব্যবস্থাপনা কমিটি গঠিত হয়েছে। পর্ষদের অনুমোদনক্রমে নির্ধারিত কার্যক্রম ঝুঁকি ব্যবস্থাপনা কমিটি

by the Board of Directors. In 2014, 05(five) meeting of Risk Management Committee were held. The Composition of Risk Management Committee is:

Anwer Hossain Khan	Chairman
Mohiuddin Ahmed	Member
Khandaker Sakib Ahmed	Member
Md. Sanaullah Shahid	Member
Md. Abdul Barek	Member

The Risk Management Committee of the Board plays significant role in proper functioning of the Bank, some of which are as follows:

- The Committee reviews the risk management process to ensure effective prevention and control measures.
- To ensure an adequate organizational structure for managing risk of the bank and supervise formation of management level committees and monitor their activities for the compliance of instructions of lending risk, foreign exchange transaction risk, internal control & compliance risk, money laundering risk, information & communication risk including other risk related guidelines.
- The committee reviews risk management policies & guidelines annually.
- Approve adequate record keeping & reporting system of the bank.
- Monitor proper implementation of overall risk management policies to mitigate all risks including lending risk, market risk and management risk.

Report to the Board on the following

- Quarterly submission of all decisions and suggestions;
- Conflict of interest;
- Any other matter which deem necessary.

Management Committee

Shahjalal Islami bank Limited formed a number of committees with a view to support the management in carrying out banking operations smoothly. Management Committee (MANCOM), Asset Liability Committee (ALCO), Supervisory Review Process Team, Investment Committee, Risk Management Committee, Share Portfolio Management Committee, Purchase Committee have been supporting the Bank's management in functioning the affairs of the Bank efficiently and effectively.

করে থাকে। ২০১৪ সালে ঝুঁকি ব্যবস্থাপনা কমিটির ৫টি সভা অনুষ্ঠিত হয়েছে। উক্ত কমিটির সদস্যগণ নিম্নরূপঃ

আনোয়ার হোসেন খান	চেয়ারম্যান
মহিউদ্দিন আহমেদ	সদস্য
খন্দকার শাকিব আহমদ	সদস্য
মোঃ সানাউল্লাহ সাহিদ	সদস্য
মোঃ আব্দুল বারেক	সদস্য

সার্বিকভাবে ব্যাংকের কার্যক্রম পরিচালনার ক্ষেত্রে ঝুঁকি ব্যবস্থাপনা কমিটি গুরুত্বপূর্ণ ভূমিকা পালন করে। নিম্নে কয়েকটি কার্যক্রম উল্লেখ করা হলোঃ

- কার্যকর নিবারণ ও নিয়ন্ত্রণ ব্যবস্থা নিশ্চিত করার জন্য বিদ্যমান ঝুঁকি ব্যবস্থাপনা পদ্ধতি ঝুঁকি ব্যবস্থাপনা কমিটি যাচাই করবে।
- ঋণ ঝুঁকি, বৈদেশিক মদ্রা লেনদেন সংক্রান্ত ঝুঁকি, অভ্যন্তরীণ নিয়ন্ত্রণ ও পরিপালন ঝুঁকি, মানি লন্ডারিং ঝুঁকি এবং তথ্য ও যোগাযোগ প্রযুক্তি ঝুঁকিসহ অন্যান্য বিষয় সংক্রান্ত গাইড লাইনের নির্দেশনা পরিপালনের জন্য ব্যবস্থাপনা পর্যায়ে পৃথক কমিটি গঠন এবং তাদের কার্যাবলী ঝুঁকি ব্যবস্থাপনা কমিটি তত্ত্বাবধান করবে।
- ব্যাংকের ঝুঁকি ব্যবস্থাপনা নীতি এবং গাইডলাইনসমূহ কমিটি প্রতি বছরে কমপক্ষে একবার পর্যালোচনা করবে।
- কমিটি ব্যাংকের কার্য-বিবরণী এবং সার-সংক্ষেপ একটি নির্দিষ্ট পদ্ধতিতে লিপিবদ্ধ করবে এবং তা অনুমোদন করবে।
- বিনিয়োগ ঝুঁকি, বাজার ঝুঁকি, পরিচালনা ঝুঁকিসহ অন্যান্য ঝুঁকি মোকাবেলা করার জন্য প্রয়োজনীয় পদক্ষেপ গ্রহণ করা হয়েছে কি না তা কমিটি তত্ত্বাবধান করবে।

নিম্নোক্ত বিষয়গুলি বোর্ডকে অবহিত করবে

- সকল সিদ্ধান্ত এবং পরামর্শ ত্রৈমাসিক ভিত্তিতে পেশ করবে;
- স্বার্থ সংশ্লিষ্ট বিষয়;
- প্রয়োজন অনুযায়ী অন্যান্য বিষয়।

ব্যবস্থাপনা কমিটি

ব্যাংকের কার্যক্রম নিরবচ্ছিন্নভাবে চালিয়ে নেয়ার জন্য ব্যবস্থাপনা কর্তৃপক্ষকে সাহায্য করার লক্ষ্যে একাধিক কমিটি গঠন করা হয়েছে যেমনঃ ব্যবস্থাপনা কমিটি (ম্যানকম), সম্পত্তি দায় ব্যবস্থাপনা কমিটি (এলকো), সুপারভাইজারী রিভিউ প্রসেস টিম, বিনিয়োগ কমিটি, ঝুঁকি ব্যবস্থাপনা কমিটি, শেয়ার পোর্টফলিও ব্যবস্থাপনা কমিটি ও ক্রয় কমিটি।

Corporate and Financial Reporting

The Board of Directors confirms compliance with the financial reporting framework for the followings:

- The financial statements prepared by the Management of the Bank present fairly its state of affairs, the result of its operations, cash flows and changes in equity
- Proper books and accounts of the Bank have been maintained
- Appropriate accounting policies have been consistently applied in the preparation of financial statements and accounting estimates are based on reasonable and prudent judgment
- International Accounting Standards, as applicable in Bangladesh, have been followed in preparation of financial statements and any departure, therefore, has been adequately disclosed
- There are no significant doubts upon the Bank to continue as a going concern.

Appointment of Auditors

In terms of the Articles of Association the Company at each Annual General Meeting shall appoint one or more Auditors being a Chartered Accountant or Accountants to hold the office until the next Annual General Meeting. Retiring Auditors shall be eligible for reappointment. M/s. ACNABIN, Chartered Accountants has applied for reappointed. As per BRPD Circular letter No. 33 dated December 23, 1992 M/s. ACNABIN will be eligible for reappointment.

Future Outlook of the Bank:

Going towards 2015, there are considerable political and social challenges surrounding Bangladesh.

Considering the overall macroeconomic and geo-political outlook, significant pressure is expected on banking sector margins in the wake of low benchmark rates and limited financing opportunities. Accordingly Our Bank intends to focus on building and maintaining quality investment portfolio and to enhance its focus on customer service quality and major cost rationalization initiatives through continuous improvement in automation and product innovations.

Similarly, Our Bank intends to focus on low cost core deposit mix in future by effectively utilizing our extensive branch network and new upcoming initiatives like the launch of Mobile Banking & Internet Banking. Our Bank

কর্পোরেট এবং আর্থিক প্রতিবেদন

ব্যাংকের পরিচালনা পর্ষদ নিম্নলিখিত বিষয়ে আর্থিক প্রতিবেদন তৈরীর কাঠামো পরিপালনের বিষয়টি নিশ্চিত করছে :

- ব্যবস্থাপনা কর্তৃপক্ষ কর্তৃক প্রণীত আর্থিক হিসাব বিবরণীতে ব্যাংকের আর্থিক অবস্থা, অপারেটিং ফলাফল, নগদ প্রবাহ বিবরণী, ইকুইটি পরিবর্তন সঠিকভাবে প্রতিফলিত হয়েছে।
- সঠিক হিসাব বহি ও হিসাব পদ্ধতি অনুসরণ ও রক্ষণ করা হয়েছে।
- হিসাব বিবরণী প্রণয়নের ক্ষেত্রে সঠিক হিসাব নীতিমালা যথাযথ ভাবে অনুসরণ করা হয়েছে এবং যুক্তিযুক্ত ও বিচক্ষণতার সাথে আর্থিক ব্যয়সমূহ নির্ধারণ করা হয়েছে।
- আন্তর্জাতিক হিসাবমান যা বাংলাদেশে প্রযোজ্য তা আর্থিক হিসাব বিবরণী প্রস্তুতে অনুসরণ করা হয়েছে এবং এ থেকে কোন বিচ্যুতি ঘটলে তা উপস্থাপিত হয়েছে।
- ব্যাংকের চলমান প্রক্রিয়া বাধাগ্রস্ত হতে পারে এরূপ ন্যূনতম কোন সন্দেহ এখানে নেই।

নিরীক্ষক নিয়োগ

কোম্পানির আর্টিকেলস অব এসোসিয়েশন অনুযায়ী প্রতিটি সাধারণ সভায় পরবর্তী বার্ষিক সাধারণ সভা পর্যন্ত দায়িত্ব পালনের জন্য এক বা একাধিক চার্টার্ড একাউন্ট্যান্টস নিয়োগ করতে হবে। অবসর প্রাপ্ত নিরীক্ষক পুনঃ নিয়োগের যোগ্য। চার্টার্ড একাউন্ট্যান্টস মেসার্স একনাবিন এণ্ড কোম্পানী পুনঃ নিয়োগের জন্য আবেদন করেছেন। বাংলাদেশ ব্যাংকের বিসিডি সার্কুলার নং-৩৩, তারিখ : ২৩-১২-১৯৯২ ইং মোতাবেক চার্টার্ড একাউন্ট্যান্টস মেসার্স একনাবিন এণ্ড কোম্পানী ব্যাংকে পুনঃনিয়োগ পাওয়ার যোগ্য।

ব্যাংকের ভবিষ্যৎ কর্মপরিকল্পনা

২০১৫ সালে বাংলাদেশকে উল্লেখযোগ্য রাজনৈতিক ও সামাজিক চ্যালেঞ্জের মুখোমুখি হতে হবে।

সামষ্টিক অর্থনীতি ও ভূ-রাজনৈতিক পরিস্থিতি বিবেচনা করে সীমিত মুনাফা এবং সীমিত অর্থায়নের সুযোগের কারণে ব্যাংকিং সেক্টরের মার্জিনের উপর উল্লেখযোগ্য প্রভাবের আশঙ্কা করা হচ্ছে। সে অনুসারে আমাদের ব্যাংক বিনিয়োগ বৃদ্ধি ও গুণগত মানের উপর দৃষ্টি দিচ্ছে এবং ধারাবাহিক স্বয়ংক্রিয়করণের উন্নয়ন ও নতুন পণ্য উদ্ভাবনের মাধ্যমে উন্নত গ্রাহক সেবা ও খরচের যৌক্তিককরণের দিকে দৃষ্টি দিচ্ছে।

একইভাবে আমাদের ব্যাপক শাখা নেটওয়ার্ক এর মাধ্যমে এবং নতুন পদক্ষেপ যেমন মোবাইল ব্যাংকিং এবং ইন্টারনেট ব্যাংকিং প্রচলনের মাধ্যমে আমাদের ব্যাংক স্বল্পখরচের গ্রাহক আমানত

is confident that the above initiatives shall enable it to maintain a stable performance trend going forward.

From the Bank's perspective the focus will be provision of value added services via operational expansion and technological improvements. Effectiveness of the Bank's risk management systems, capitalisation on low cost liability franchise, disciplined expense growth, expansion of our capital base and strengthened compliance culture are primary factors in depicting continued strong financial soundness. Effective leadership with a clear vision is the key element of long term sustainability leading to highest levels of employee satisfaction and our aim is to build cohesive teams and strong ethical standards. We will strive to enhance our domestic as well as global image to take the Bank from strong to stronger.

Vote of Thanks

The Board of Directors expresses its profound gratitude to Almighty Allah (SWT) for enabling the Bank to achieve growth in operation during the year 2014. The Board extends thanks to the Ministry of Finance, Bangladesh Bank, Securities & Exchange Commission and the Government Agencies for providing assistance, guidance, support and cooperation at various stages of operation of the Bank. The Board appreciates the support and cooperation received from foreign correspondents of the Bank all over the world.

The members of the Board of Shahjalal Islami Bank Limited take this opportunity to express gratitude and extend sincere thanks to its valued shareholders, valued customers, depositors, investment clients and well-wishers for their valuable support and confidence reposed on the Bank.

Finally and more importantly, the Board would like to express its great appreciation and thanks to all of the officials of the Bank for rendering untiring efforts.

May Allah grant us courage, dedication, patience and fortitude to run the bank to the best of our abilities.

Ameen.

On behalf of the Board of Directors



A. K. Azad

Chairman

Dated: 22nd March 2015, Dhaka.

মিশ্রণে মনোনিবেশ করছে। আমাদের ব্যাংক আত্মবিশ্বাসী যে, উল্লেখিত পদক্ষেপের মাধ্যমে ব্যাংকটি ভবিষ্যতে ধারাবাহিক উন্নয়নে সক্ষম হবে। ব্যাংকের কার্যধারা সম্প্রসারণে প্রযুক্তিগত উন্নয়নের মাধ্যমে গ্রহণযোগ্য সেবা প্রদানের জন্য গুরুত্ব দিচ্ছে। শক্তিশালী আর্থিক বিচক্ষণতা অর্জনের প্রধান উপাদান হলো ব্যাংকের ঝুঁকি ব্যবস্থাপনা পদ্ধতির কার্যকারিতা, স্বল্পমূল্যের দায়ের মাধ্যমে মূলধনায়ন, নিয়মতান্ত্রিক খরচ প্রবৃদ্ধি, শক্তিশালী মূলধন কাঠামো এবং নিয়মনিতির যথাযথ পরিপালন, সুস্পষ্ট ভিশন নিয়ে কার্যকর নেতৃত্বই দীর্ঘমেয়াদী স্থায়িত্বের মূল উপাদান যা কর্মকর্তা এবং কর্মচারীদের সর্বোচ্চ সম্ভৃষ্টি এবং পারস্পারিক আন্তরিকতা ও নৈতিক মূল্যবোধ অর্জনে সহায়ক। আমরা দেশীয় ও আন্তর্জাতিক অঙ্গনে ব্যাংককে অধিকতর শক্তিশালী করার লক্ষ্যে আন্তরিকভাবে সচেষ্ট হব।

ধন্যবাদ জ্ঞাপন

২০১৪ সালে ব্যাংক ব্যবসায় প্রবৃদ্ধি অর্জনে সক্ষম হওয়ায় পরিচালনা পর্ষদ মহান আল্লাহ তা'আলার নিকট গভীর কৃতজ্ঞতা জ্ঞাপন করছে। ব্যাংকের কার্যক্রমের সকল ক্ষেত্রে সহযোগিতা, পরামর্শ এবং সমর্থনের জন্য পর্ষদ অর্থ মন্ত্রণালয়, বাংলাদেশ ব্যাংক এবং সকল সরকারী সংস্থাসমূহকে ধন্যবাদ জানাচ্ছে। বিশ্বব্যাপী বৈদেশিক কorespondentsদেরকেও তাদের সাহায্য ও সহযোগিতার জন্য ধন্যবাদ জ্ঞাপন করছে।

ব্যাংকের পরিচালনা পর্ষদ সম্মানিত শেয়াহোল্ডারবৃন্দ, সম্মানিত গ্রাহক, আমানতকারী, বিনিয়োগ গ্রাহক ও শুভাকাঙ্ক্ষীদেরও ব্যাংকের প্রতি তাদের মূল্যবান সমর্থন ও আস্থা জ্ঞাপনের জন্য জানাচ্ছে আন্তরিক কৃতজ্ঞতা।

পরিশেষে পর্ষদ ব্যাংকের সকল কর্মকর্তা কর্মচারীদের অক্লান্ত পরিশ্রমের জন্য আন্তরিক ধন্যবাদ জানাচ্ছে।

মহান আল্লাহ তা'আলা আমাদের ব্যাংককে আরও সফলভাবে পরিচালনা করতে সর্বোচ্চ শক্তি, সাহস, উৎসাহ, ধৈর্য ও সামর্থ্য দান করুন।

আমীন!

পরিচালনা পর্ষদের পক্ষে



এ. কে. আজাদ

চেয়ারম্যান

তারিখ : ২২ মার্চ ২০১৫ ঢাকা।